



নাঙ্গলকোট বাজার ব্যবসায়ী সংস্থা

অফিস: নাঙ্গলকোট মধ্য বাজার, উপজেলা: নাঙ্গলকোট জেলা: কুমিল্লা.

স্থাপিত: ০১.০৫.২০২৬ খ্রি.

ফোন:- ০১৩৩৩০৮৭১৮০

রেজি: নং-

Web: nangalkotbazar.com

Gmail: nangolkotbazar.org@gmail.com

সূত্র:

তারিখ: ০২/১০/২০২৬ খ্রি.

গঠনতন্ত্র

ধারা-১ : সংস্থার নামঃ নাঙ্গলকোট বাজার ব্যবসায়ী সংস্থা

ধারা-২ : সংস্থার ঠিকানাঃ নাঙ্গলকোট মধ্য বাজার, উপজেলা: নাঙ্গলকোট জেলা: কুমিল্লা

ধারা-৩ : সংস্থা স্থাপনের তারিখঃ ০১/০৫/২০২৬ খ্রি.

ধারা-৪ : সংস্থার কার্যকরী এলাকাঃ সমগ্র নাঙ্গলকোট বাজার (পৌরসভা)

ধারা-৫ : সংস্থার লক্ষ্য ও উদ্দেশ্যে ঃ

এটি একটি অরাজনৈতিক ও অলাভজনক সংস্থা হিসেবে ১৯৬১ সনের স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ অধ্যাদেশ অনুযায়ী নাঙ্গলকোটের ব্যবসায়ীদের কল্যাণার্থে নিম্নবর্ণিত কাজগুলো করে যাবে:

ক) রাষ্ট্রীয় সমাজসেবামূলক প্রতিষ্ঠান হিসেবে কাজ করবে। সংস্থার সদস্যদের মধ্যে ন্যায়বিচারের স্বার্থে দ্রুত বিরোধ নিষ্পত্তির জন্য একটি সালিশি বা লিগ্যাল সেল গঠন করা।

খ) ব্যবসায়ী সমাজের উন্নয়ন, গঠনমূলক সহযোগিতা, ব্যবসায়িক নিরাপত্তা, ন্যায়বিচার এবং পৌরবাসী ব্যবসায়ীদের স্বার্থ সংরক্ষণে মূলক পদক্ষেপ গ্রহণ ও সক্রিয় বাস্তবায়ন।

গ) সংস্থা ও সদস্যদের স্বার্থ রক্ষায় স্থানীয় প্রশাসন (মাননীয় সংসদ সদস্য, জেলা প্রশাসন, উপজেলা পরিষদ চেয়ারম্যান, পৌরসভা মেয়র, উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার-ভূমি ও অফিসার ইনচার্জ)-এর সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা ও সমন্বয় সাধন।

ঘ) চাঁদাবাজ, সন্ত্রাসী ও প্রতারকদের বিরুদ্ধে গণসচেতনতা সৃষ্টিসহ তা প্রতিরোধ করার জন্য সংঘবদ্ধ পদক্ষেপ গ্রহণ এবং মাদকমুক্ত বাজার গড়ার অঙ্গীকার।

ঙ) বৈধ মালামাল ব্যবসার ক্ষেত্রে কোনো ধরনের জটিলতা সৃষ্টি হলে বা কোনো ব্যবসায়ী অন্যায়ভাবে হয়রানির শিকার হলে সংস্থাগতভাবে তাকে প্রয়োজনীয় আইনি সহায়তা প্রদান। পাশাপাশি সকল ব্যবসায়ীর জন্য স্মার্ট আইডি কার্ড তৈরি করা।

চ) বাজার এলাকা সার্বক্ষণিক সিসি ক্যামেরার আওতাধীন রাখা এবং ব্যবসায়ীদের নৈশপ্রহরী দিয়ে কঠোর নিরাপত্তা নিশ্চিত করা।

ছ) নিরবচ্ছিন্ন ব্যবসায়িক কার্যক্রম পরিচালনার স্বার্থে বাজারে জেনারেটর বা সোলার প্যানেলের মাধ্যমে কেন্দ্রীয়ভাবে বিকল্প বিদ্যুতের উদ্যোগ গ্রহণ করা।

জ) বাজারের ড্রেনেজ ব্যবস্থা উন্নত করা এবং বর্জ্য ব্যবস্থাপনার জন্য পৌরসভার সাথে সমন্বিত উদ্যোগ গ্রহণ করা, যাতে জলাবদ্ধতার কারণে ব্যবসায়ীদের আর্থিক ক্ষতি না হয়।

ঝ) সংস্থার নির্দিষ্ট ওয়েবসাইট (nangal kot bazar .com)-এর মাধ্যমে বাজারের সকল ব্যবসায়ীর ডিজিটাল ডাটাবেজ তৈরি এবং ই-কমার্স ও আধুনিক হিসাবরক্ষণ বিষয়ে সম্যক জ্ঞানদান ও প্রশিক্ষণের ব্যবস্থা করা।

ঞ) বাজারে অগ্নিকাণ্ডের ঝুঁকি এড়াতে পর্যাপ্ত অগ্নিনির্বাপক যন্ত্রের ব্যবস্থা রাখা এবং ব্যবসায়ীদের ফায়ার সেফটি বিষয়ে প্রশিক্ষণ দেওয়া।

ট) কোনো ব্যবসায়ী আকস্মিক ব্যবসায়িক ক্ষতির সম্মুখীন হলে সংস্থার কল্যাণ তহবিল থেকে শর্তসাপেক্ষে আর্থিক সহযোগিতার ব্যবস্থা করা।

ঠ) বন্যা, মহামারি বা যেকোনো দুর্যোগকালীন সময়ে ক্ষতিগ্রস্ত ব্যবসায়ী ও স্থানীয় জনগণের পাশে থেকে সাধ্যমতো সাহায্য ও সহযোগিতা করা।

ড) বেওয়ারিশ লাশ দাফন, যৌতুক প্রথার বিরুদ্ধে সচেতনতা বৃদ্ধি, গরিব মেয়েদের বিয়েতে সহায়তা এবং গরিব ছাত্র-ছাত্রীদের বৃত্তিসহ বিনামূল্যে বই বিতরণ করা।

ঢ) কোনো ব্যবসায়ী অসুস্থ হলে সংস্থার পক্ষ থেকে চিকিৎসার খোঁজখবর নেওয়া এবং মৃত্যুবরণ করলে শোক প্রকাশ, কালো ব্যাজ ধারণ ও দোয়ার আয়োজন করা।



নাঙ্গলকোট বাজার ব্যবসায়ী সংস্থা

অফিস: নাঙ্গলকোট মধ্য বাজার, উপজেলা: নাঙ্গলকোট জেলা: কুমিল্লা.

স্থাপিত: ০১.০৫.২০২৬ খ্রি.

ফোন:- ০১৩৩৩০৮৭১৮০

রেজি: নং-

Web: nangalkotbazar.com

Gmail: nangolkotbazar.org@gmail.com

সূত্র:

তারিখ: ০২/১০/২০২৬ খ্রি.

- গ) নাঙ্গলকোট বাজার ব্যবসায়ী সংস্থার আওতাধীন ট্রেড লাইসেন্স ধারীব্যবসায়ীগণ একমাত্র সদস্য হতে পারবেন। কোনো ব্যবসায়ী নেশাগ্রস্ত বলে প্রমাণিত হলে তার সদস্যপদ বাতিল বলে গণ্য হবে। সরকারিচাকরিজীবী ব্যবসায়ী সংস্থার নির্বাচনে অংশগ্রহণ করতে পারবেনা।
- ত) বাজার সংস্থার আওতাধীন হসপিটাল ও বেসরকারি ব্যবসায়ী প্রতিষ্ঠানের চেয়ারম্যান / ব্যবস্থাপনা পরিচালক প্রতিষ্ঠানের ট্রেড-লাইসেন্স এর পক্ষে দুই জন সদস্য ভোটার তালিকার অন্তর্ভুক্ত হবেন।
- থ) সমাজসেবা কর্তৃক অনুমোদিত সদস্যদের মধ্যে এক-তৃতীয়াংশ সদস্য নিয়ে কার্যকরী কমিটি গঠন করা।
- দ) বাজার সংস্থার নৈশ-প্রহরীর ব্যবসায়ীদের মাসিক ফি সর্বনিম্ন ১০০/- (একশত) টাকা থেকে ৫০০/- (পাঁচ) টাকা পর্যন্ত নির্ধারণ করা যাবে। কোন মার্কেট, ব্যবসায়ী প্রতিষ্ঠান নিজ দায়িত্বে নৈশ-প্রহরী রাখলেও, বাজার ব্যবসায়ী সংস্থার নৈশ-প্রহরী মাসিক ফি বাধ্যতামূলক পরিশোধ করতে হবে। সংস্থার সিদ্ধান্ত অনুযায়ী কোন ব্যবসায়ী(৩) তিন মাস নৈশ-প্রহরী ফি পরিশোধ না করলে সংস্থার পক্ষ থেকে মার্কেট, ব্যবসায়ী প্রতিষ্ঠান ও ব্যক্তিকে নোটিশ প্রদানের পরও ফি পরিশোধ না করলে সদস্য পদ বাতিলকরা হবে এবং সকল কার্যক্রম থেকে অব্যাহতি দেয়া হবে। বাজার সংস্থার আওতাধীন সরকারী বেসরকারী ব্যবসায়ী প্রতিষ্ঠান নৈশ-প্রহরী ফি প্রদান করতে হবে।
- (ধ) বাজারের সৌন্দর্য রক্ষা এবং ক্রেতা-সাধারণের নিবিয়নে চলাচলের পথ সুগম করতে যত্রতত্র অবৈধ টং দোকান, ফুটপাথ দখল বা অস্থায়ী স্থাপনা নির্মাণ কঠোরভাবে নিয়ন্ত্রণ করা।
- (ন) পণ্য আনা-নেওয়ার ক্ষেত্রে ভ্যান বা অন্য কোনো পরিবহন শ্রমিকদের অর্থোজিক সিডিকেট রোধ করা। আলোচনার মাধ্যমে দূরত্বের ভিত্তিতে ভাড়ার একটি নির্দিষ্ট ও ন্যায্য তালিকা প্রণয়ন করে তা বাস্তবায়নে কঠোর নজরদারি রাখা।
- (প) বাজারে যানজটমুক্ত পরিবেশ নিশ্চিত করতে যত্রতত্র অটোরিকশা, ভ্যান, সিএনজি বা মোটরসাইকেল পার্কিং নিষিদ্ধ করা এবং ক্রেতা ও ব্যবসায়ীদের সুবিধার্থে নির্দিষ্ট পার্কিং জোন নির্ধারণ করা।
- (ফ) দিনের ব্যস্ত সময়ে বড় ট্রাক বা পিকআপ থেকে মালামাল ওঠানামা করার কারণে সৃষ্ট যানজট এড়াতে, ভারী পণ্য লোডিং-আনলোডিংয়ের জন্য রাত বা খুব সকালের একটি নির্দিষ্ট সময় বেঁধে দেওয়া।
- (ব) রাতের বেলায় বাজারের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে সিসি ক্যামেরার পাশাপাশি নিজস্ব ও প্রশিক্ষিত নৈশপ্রহরী নিয়োগ দেওয়া এবং প্রহরীদের কার্যক্রম নিয়মিত মনিটরিং করার জন্য একটি নিরাপত্তা সেল গঠন করা।
- (ভ) নাঙ্গলকোট বাজার ব্যবসায়ী সংস্থার নির্বাচিত নতুন কমিটি আনুষ্ঠানিক ভাবে শপথ নিবে ও দায়িত্ব গ্রহণ করবে। এবং আহবায়ক কমিটিকে সম্মান দিয়ে বিদায় সম্বর্ধনার আয়োজন করা।
- (ম) প্রতি তিন মাস পর সংস্থার আয়/ব্যয়ের হিসাব ব্যবসায়ীদের মাঝে প্রকাশ করা। এবং বাৎসরিক সাধারণ সভার মাধ্যমে প্রতিবেদন প্রকাশ করা।

ধারা-৬: সদস্য হওয়ার নিয়মাবলী:

সংস্থার কার্যক্রম পরিচালনার জন্য ৪ (চার) ধরনের সদস্য থাকিবে। যেমন: (ক) সাধারণ সদস্য; (খ) আজীবন সদস্য;

(গ) দাতা সদস্য; (ঘ) উপদেষ্টা সদস্য।

(ক) সাধারণ সদস্য: নাঙ্গলকোট পৌরসভার বৈধ ট্রেড লাইসেন্সধারী সকল স্তরের ব্যবসায়ীগণ সাধারণ সদস্য হতে পারবেন। বয়সসীমা কমপক্ষে (১৮) আঠারো বছর হতে হবে। ভর্তি ফরম মূল্য ৫০০/- (পাঁচশত) টাকা এবং মাসিক সদস্য ফি ৫০/- (পঞ্চাশ) টাকা হারে পরিশোধকরতে হবে, যা কার্যকরী পরিষদের সভায় গৃহীত হলে সদস্য হিসেবে বিবেচিত হবেন। এই অর্থ জনকল্যাণে ব্যয় হবে।

(খ) আজীবন সদস্য: এককালীন ১০,০০০/- (দশ হাজার) টাকা বা সমপরিমাণ সম্পদ প্রদানপূর্বক আজীবন সদস্য হওয়া যাবে।

(গ) দাতা সদস্য: এককালীন ২০,০০০/- (বিশ হাজার) টাকা বা সমপরিমাণ সম্পদ দানকারী সদস্য দাতা সদস্য হিসেবে গণ্য হবেন।

(ঘ) উপদেষ্টা সদস্য: সুষ্ঠু পরিচালনার স্বার্থে সু-পরামর্শের জন্য কার্যকরী কমিটির রেজুলেশনের মাধ্যমে যোগ্য ও গণ্যমান্য ব্যক্তিগণ উপদেষ্টা সদস্য হিসেবে নিযুক্ত হবেন।

ধারা-৭: সদস্যপদ বিলুপ্ত ও পূর্ণর্বহাল:

পরপর (৩) তিন টি সভায় অনুপস্থিত থাকলে, (৩)তিন মাস মাসিক চাঁদা পরিশোধ না করলে, মারা গেলে, দেউলিয়া হলে, আদালত কর্তৃক সাজাপ্রাপ্ত হলে বা গঠনতন্ত্রবিরোধী কাজ করলে সদস্যপদ বাতিল হবে। কারণ দর্শানোর নোটিশের সন্তোষজনক জবাব দিলে সদস্যপদ পুনর্বহাল হতে পারে।



নাঙ্গলকোট বাজার ব্যবসায়ী সংস্থা

অফিস: নাঙ্গলকোট মধ্য বাজার, উপজেলা: নাঙ্গলকোট জেলা: কুমিল্লা.

স্থাপিত: ০১.০৫.২০২৬ খ্রি.

ফোন:- ০১৩৩৩০৮৭১৮০

রেজি: নং-

Web: nangalkotbazar.com

Gmail: nangolkotbazar.org@gmail.com

সূত্র:

তারিখ: ০২/১০/২০২৬ খ্রি.

ধারা-৮: সাংগঠনিক কাঠামো: (৩) তিন টি পরিষদ থাকবে: (ক) সাধারণ পরিষদ, (খ) কার্যকরী পরিষদ এবং

(গ) উপদেষ্টা পরিষদ। বিস্তৃতি অনুযায়ী বিভিন্ন এলাকাকে অঞ্চলে বিভক্ত করে আঞ্চলিক পরিষদও গঠন করা যাবে।

ধারা-৯: সংস্থার বিভিন্ন পরিষদের ক্ষমতাবলী:

(ক) সাধারণ পরিষদ: এটি সর্বময় ক্ষমতার অধিকারী। প্রত্যক্ষ ভোটের মাধ্যমে তারা কার্যকরী কমিটি নির্বাচন করবেন এবং বার্ষিক বাজেট ও কর্মপরিকল্পনা অনুমোদন করবেন।

(খ) কার্যকরী পরিষদ: নির্বাচিত এই পরিষদ সংস্থার উন্নয়নমূলক কাজ করবে এবং যেকোনো ব্যর্থতার জন্য সাধারণ পরিষদের নিকট দায়বদ্ধ থাকবে।

(গ) উপদেষ্টা পরিষদ: কার্যকরী পরিষদের অনুমোদনে (৫) পাঁচজন সম্মানিত বিশিষ্ট ব্যক্তিকে নিয়ে এই পরিষদ গঠিত হবে।

ধারা-১০: কার্যকরী পরিষদের কাঠামো ও গঠন প্রণালী:

১৭ সদস্যবিশিষ্ট কার্যকরী পরিষদ ৩ বছরের জন্য গঠিত হবে। পদসমূহ: সভাপতি (১), সিনিয়র সহ-সভাপতি (১), সহ-সভাপতি (১), সাধারণ সম্পাদক (১), সহ-সাধারণ সম্পাদক (১), সাংগঠনিক সম্পাদক (১), প্রচার সম্পাদক (১), দপ্তর সম্পাদক (১), কোষাধ্যক্ষ (১) সহ-কোষাধ্যক্ষ (১), ক্রীড়া সম্পাদক (১), ধর্ম বিষয়ক সম্পাদক (১), সমাজকল্যাণ সম্পাদক (১) এবং কার্যকরী সদস্য (৪) জন।

ধারা-১১: কার্যকরী পরিষদের কর্মকর্তাদের দায়িত্ব ও কর্তব্য:

(ক) সভাপতি: তিনি সংস্থার প্রধান হিসাবে গণ্য হইবেন এবং সকল প্রকার সভায় সভাপতিত্ব করিবেন। সংস্থার সভা আহবান করার জন্য সাধারণ সম্পাদককে নির্দেশ প্রদান করিবেন। প্রয়োজন হইলে তিনি নিজেই সভা আহবান করিতে পারিবেন। পরিষদের কোন বিতর্ক সভায় সমান সংখ্যক ভোটে পড়িলে তিনি একটি কাস্টিং (অতিরিক্ত) ভোট প্রদান পূর্বক সমস্যার সমাধান করিবেন।

(খ) সিনিয়র সহ-সভাপতি: সভাপতির অনুপস্থিতিতে সিনিয়র সহ-সভাপতি ক্রমানুযায়ী দায়িত্ব পালন করিবেন। বিভিন্ন সময় সভাপতিকে কাজে সহযোগিতা প্রদান করিবেন।

(গ) সহ-সভাপতি: সভাপতির ও সিনিয়র সহ-সভাপতির অনুপস্থিতিতে সহ-সভাপতি ক্রমানুযায়ী দায়িত্ব পালন করিবেন। বিভিন্ন সময় সভাপতিকে কাজে সহযোগিতা প্রদান করিবেন।

(ঘ) সাধারণ সম্পাদক: সাধারণ সম্পাদক এই সংস্থার সকল প্রকার কাজের নির্বাহী দায়িত্ব পালন করিবেন। তিনি সভাপতির অনুমতিক্রমে বার্ষিক বাজেটসহ বিভিন্ন প্রকারের পরিকল্পনা তৈরি ও অনুমোদনের জন্য কার্যকরী পরিষদ ও সাধারণ পরিষদের সভায় পেশ করিবেন। আয় ব্যয়ের হিসাব সংরক্ষণে ব্যাংকের সহিত যোগাযোগ ও কার্যক্রম গ্রহণ করিবেন এবং কার্যকরী পরিষদের সভায় বাজেট ও পরিকল্পনা পেশ সহ সংস্থার সকল প্রকার রেকর্ড ও কাগজপত্র উপস্থাপন করিবেন।

(ঙ) সহ সাধারণ সম্পাদক: সাধারণ সম্পাদকের অনুপস্থিতিতে ক্রমানুযায়ী যুগ্ম সম্পাদকের দায়িত্ব পালন করিবেন। সভা চলাকালে তাহার। সাধারণ সম্পাদককে তাহার কাজে সহযোগিতা প্রদান করিবেন।

(চ) সাংগঠনিক সম্পাদক: সংস্থার কার্যকরী পরিষদ কর্তৃক গৃহীত সকল কর্মসূচী বাস্তবায়নে সক্রিয় ভূমিকা পালন করিবেন। সভাপতির ও সম্পাদকের অনুমতিক্রমে তিনি যাবতীয় কাজ পরিচালনা করিবেন। তিনি সংস্থার ভিত্তিমজবুত রাখার লক্ষ্যে সকল আঞ্চলিক পরিষদ ও সদস্যের সাথে সুষ্ঠু যোগাযোগ ও সমন্বয় করিবেন। তাছাড়া সভাপতি ও সাধারণ সম্পাদকের পরামর্শ ও নির্দেশমতে অপরাপর দায়িত্ব পালন করিবেন।

(ছ) প্রচার সম্পাদক: সংস্থার যাবতীয় উন্নয়নমূলক কাজ প্রচার করা এবং সংস্থার কার্যকরী কমিটির সাথে যোগাযোগ ও সকল ব্যবসায়ীর সাথে চিঠি ও দাওয়াত পৌঁছানোর যাবতীয় কাজ সক্রিয় ভাবে পালন করা।

(জ) দপ্তর সম্পাদক: সংস্থার সমস্ত নথিপত্র আসবাবপত্র এবং যাবতীয় মালামাল সংরক্ষণ করিবেন। তিনি অফিসিয়াল যাবতীয় কাজ সম্পাদন করিবেন। তিনি সভাপতি ও সাধারণ সম্পাদকের পরামর্শে কাজ করিবেন। দৈনন্দিন খরচাদী দপ্তর সম্পাদক বহন করিবেন এবং মাসিক সভায় তাহা অনুমোদন করিয়া নিবেন।

(ঝ) কোষাধ্যক্ষ: সংস্থার অনুকূলে প্রাপ্ত যাবতীয় নগদ অর্থ তিনি সংরক্ষণ করিবেন এবং যথাযথ হিসেব লিপিবদ্ধ করিবেন। তিনি সর্বোচ্চ ২,০০০/ (দুই হাজার) টাকা হাতে রাখিতে পারিবেন। ক্যাশ বহি ও আর্থিক লেনদেন সম্পাদন করিবেন। সভাপতি ও সাধারণ সম্পাদকের অনুমোদিত বিল সমূহ পরিশোধ করিবেন এবং তাহাদের পরামর্শমতে অপরাপর দায়িত্ব পালন করিবেন।



নাঙ্গলকোট বাজার ব্যবসায়ী সংস্থা

অফিস: নাঙ্গলকোট মধ্য বাজার, উপজেলা: নাঙ্গলকোট জেলা: কুমিল্লা.

স্থাপিত: ০১.০৫.২০২৬ খ্রি.

ফোন:- ০১৩৩৩০৮৭১৮০

রেজি: নং-

Web: nangalkotbazar.com

Gmail: nangolkotbazar.org@gmail.com

সূত্র:

তারিখ: ০২/১০/২০২৬ খ্রি.

(এ) সহ-কোষাধ্যক্ষ: কোষাধ্যক্ষের অনুপস্থিতিতে সহ-কোষাধ্যক্ষ দায়িত্ব পালন করবে।

(ট) ক্রীড়া সম্পাদকঃ যাবতীয় খেলাধুলা সাংস্কৃতিক অনুষ্ঠান আনন্দভ্রমণের সকল দায়িত্ব পালন করবেন।

(ঠ) ধর্ম বিষয়ক সম্পাদকঃ সংস্থার যাবতীয় সকল ধর্মীয় অনুষ্ঠানে

দায়িত্ব পালন করাকোনব্যবসায়ী অসুস্থ হলে খোঁজবর রাখা এবং মৃত্যুবরণ করলে শোক

প্রকাশ ও ব্যবসায়ীদের মাঝে কালো ব্যাচধারণ করা ও দোয়ার আয়োজনের দায়িত্ব পালন করবেন।

(ড) সমাজকল্যাণ সম্পাদকঃ

সংস্থার যাবতীয় সামাজিক কাজ এবং প্রকাশনা ও লাইব্রেরী অফিসিয়াল কাজ ব্যবসায়ীদের মাঝে উপস্থাপন করা পালন করবেন।

(ঢ) কার্যকরী সদস্য: নিয়মিত সভায় উপস্থিত থাকিবেন, গঠনমূলক আলোচনায় অংশ গ্রহণ করিবেন এবং সিদ্ধান্ত গ্রহণে মতামত প্রদান করিবেন।

ধারা-১২: নির্বাচন পদ্ধতিঃ কার্যকরী পরিষদের মেয়াদ থাকিবে (৩) তিন বছর। পরিষদের মেয়াদ কাল শেষ হইবার পূর্বে একমাস আগে সাধারণ সভার সিদ্ধান্ত নিবে। মনোনয়ন কিংবা নির্বাচনের মাধ্যমে কার্যকরী পরিষদ গঠন করিতে হইবে এবং দ্রুত নবগঠিত কার্যকরী পরিষদের নিকট দায়িত্ব হস্তান্তর করিতে হইবে। দুই তৃতীয় অংশ একমত হইলে নির্বাচন না হইয়া সাধারণ পরিষদের সভায় মনোনয়নের মাধ্যমে কার্যকরী পরিষদ গঠন করা যাইবে। নির্বাচনের জটিলতা দেখা দিলে কার্যকরী পরিষদ কর্তৃক (৭) সাত সদস্য বিশিষ্ট একটি নির্বাচন কমিশন গঠন করিতে হইবে। উপদেষ্টা পরিষদের দুই জন সদস্য, নিবন্ধন কর্তৃপক্ষের একজন প্রতিনিধি ও অপর দুই জন নিরপেক্ষ ব্যক্তির সমন্বয়ে কমিশন গঠিত হইবে ও সংস্থার মধ্যে সর্বোচ্চ পদাধিকার বলে দুইজন ব্যক্তি নির্বাচন কমিশন সদস্য থাকতে পারবেন। নির্বাচন কমিশন নির্বাচনী প্রয়োজনে প্রশাসনের সহযোগিতা নিতে পারবেন। এক মাস পূর্বে ভোটার তালিকা তৈরি পূর্বক নোটিশ বোর্ডে টানাইয়া ভোটারদেরকে অবহিত করিতে হইবে। তাহাতে কোন আপত্তি থাকিলে তাহা নিষ্পত্তি করতঃ তিন দিন পর চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ ও চাহিদা অনুযায়ী নির্ধারিত ফি প্রদানের মাধ্যমে সরবরাহ করিতে হইবে। সংস্থার সভাপতি/সাধারণ সম্পাদক ট্রেড লাইসেন্স অন্তর্ভুক্ত ব্যবসায়ীদের খসড়া ভোটার তালিকা প্রণয়ন করে নির্বাচন কমিশন/ প্রিজাইডিং অফিসারের নিকট হস্তান্তর করবে। নির্বাচন কমিশন/ প্রিজাইডিং অফিসার যাচাই বাছাইয়ের পর চূড়ান্ত হলে সংস্থার সভাপতি/সাধারণ সম্পাদক চূড়ান্ত ভোটার তালিকা অনুমোদনের পর প্রকাশ করবে। তারপর নির্বাচন কমিশন / প্রিজাইডিং অফিসার তফসিল ঘোষণা করবে। নির্বাচনের কমপক্ষে (১৫) পনেরদিন পূর্বে ভোটার তালিকাসহ নির্বাচনের সকল প্রকার কাগজপত্র নির্বাচন কমিশনের নিকট প্রদান করিতে হইবে। সুষ্ঠু নির্বাচনের স্বার্থে কমিশন কর্তৃক জারিকৃত বিধি বিধান সমূহ যথাযথভাবে প্রতিপালন করিতে হইবে। ফলাফল বিষয়ে নির্বাচন কমিশন কর্তৃক প্রদেয় সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। কোনো কারণ বশতঃ নতুন কমিটি গঠনে বিলম্ব হইলে তাহা যথাসময়ে রেজিস্ট্রেশন কর্তৃপক্ষের সাথে যোগাযোগক্রমে এডহক কমিটি গঠন পূর্বক কার্যক্রম পরিচালনা করিতে হইবে। যে কোন কারণে কার্যকরী পরিষদের কোন পদে শূন্যতা সৃষ্টি হইলে কার্যকরী পরিষদের সিদ্ধান্ত ক্রমে শূন্যপদ পূরণ করা যাইবে।

ধারা-১৩: বিভিন্ন সভা আহ্বানের পদ্ধতিঃ

(ক) সাধারণ পরিষদের সভা: বছরে কমপক্ষে একবার এই সভা অনুষ্ঠিত হইবে। সংস্থার সাধারণ সম্পাদক সভাপতির পরামর্শক্রমে স্থান, তারিখ ও সময় উল্লেখ করিয়া বিজ্ঞপ্তির মাধ্যমে (১৫) পনেরদিন পূর্বে এই সভা আহ্বান করিবেন।

(খ) কার্যকরী পরিষদের সভা: সাধারণ সম্পাদক সভাপতির পরামর্শক্রমে (৭) সাত দিনের নোটিশে এই সভা আহ্বান করিবেন। প্রতি বছর কমপক্ষে (৪) চার বার এই সভা অনুষ্ঠিত হইবে।...

(গ) জরুরী সভা: যে কোন জরুরী বিষয়ে বিবেচনা করিয়া সভাপতির নির্দেশক্রমে সাধারণ সম্পাদক (২৪) ঘণ্টার নোটিশে এই সভা আহ্বান করিবেন।

(ঘ) তলবী সভা: দুই তৃতীয়াংশ সদস্যের আবেদনক্রমে সভাপতি এই সভা আহ্বান করিবেন। তিনি এই সভা আহ্বানে ব্যর্থ হইলে সদস্যগণ সাধারণ সম্পাদকের নিকট এই সভা আহ্বানের আবেদন করিবেন। তিনিও (১৫) পনের দিনের মধ্যে এই সভা আহ্বানে ব্যর্থ হইলে সদস্যগণ নিজেরাই এই সভা আহ্বান করিতে পারিবেন এবং তাহাদের গৃহিত যে কোন সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

ধারা- ১৪: সভার বিজ্ঞপ্তি ও সময়: সাধারণ পরিষদের সভা ১৫ (পঁচর) দিনের নোটিশে, কার্যকরী পরিষদের সভা ৭ (সাত) দিনের নোটিশে জরুরী সভা (১) এক দিনের নোটিশে, এবং তলবী সভা (১৫) পনের দিনের নোটিশে অনুষ্ঠিত হইবে।



নাঙ্গলকোট বাজার ব্যবসায়ী সংস্থা

অফিস: নাঙ্গলকোট মধ্য বাজার, উপজেলা: নাঙ্গলকোট জেলা: কুমিল্লা.

স্থাপিত: ০১.০৫.২০২৬ খ্রি.

ফোন:- ০১৩৩৩০৮৭১৮০

রেজি: নং-

Web: nangalkotbazar.com

Gmail: nangolkotbazar.org@gmail.com

সূত্র:

তারিখ: ০২/১০/২০২৬ খ্রি.

ধারা- ১৫: সভায় কোরামঃসকল ক্ষেত্রেই দুই-তৃতীয়াংশ (২/৩) সদস্যের উপস্থিতিতে সভার কোরাম পূর্ণ হবে।

ধারা-১৬:সংস্থার তহবিলঃ সদস্যদের ভর্তি ফি, মাসিক চাঁদা যে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের অনুদান, বিভিন্ন আয় বর্ধন মূলক প্রকল্পের সহায়তা, সরকারী সাহায্য এবং যে কোন বিদেশী সংস্থা থেকে যথাযথভাবে প্রাপ্ত অনুদানের মাধ্যমে সংস্থার তহবিল গঠিত হইবে।

ধারা- ১৭:আর্থিক প্রশাসন:

(ক) হিসাব সংক্রান্ত:সংস্থার নামের যে কোন তফশিলী ব্যাংকের শাখায় সভাপতি, সাধারণ সম্পাদক ও কোষাধ্যক্ষ এই (৩) তিন জনের সমন্বয়ে যৌথ স্বাক্ষরে একটি চলিত হিসাব খোলা হইবে। এবং যে কোন দুইজনরে যৌথ স্বাক্ষরে চেকের মাধ্যমে টাকা উত্তোলন করা যাবে। বিভিন্ন সূত্র হইতে প্রাপ্ত নগদ অর্থ বা চেক উক্ত ব্যাংক হিসাবে জমা করা হইবে। কোন অর্থ উত্তোলন করিতে হইলে তাহা চেকের মাধ্যমে করিতে হইবে। অর্থ উত্তোলন ও খরচের ব্যাপারে কার্যকরী পরিষদের অনুমোদন থাকিতে হইবে।

(খ) অডিটঃ সংস্থার সকল প্রকার আয় ব্যয়ের হিসাব কার্যকরী পরিষদের তিন সদস্য বিশিষ্ট আভ্যন্তরীণ নিরীক্ষাদল কর্তৃক অডিট করা হইবে। প্রতি বছরের আয় ব্যয়ের হিসাব বিবরণী উপজেলা সমাজ সেবা অফিসারের নিকট উপস্থাপন পূর্বক যথাযথ নিরীক্ষা করাইয়া প্রতিবেদন সংগ্রহ করিতে হইবে।

ধারা-১৮: কর্মকর্তা/ কর্মচারী নিয়োগ পদ্ধতি:

সংস্থার কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে কর্মকর্তা/কর্মচারী নিয়োগের আবশ্যিকতা দেখা দিলে কার্যকরী পরিষদ কর্তৃক একটি নিয়োগ কমিটি গঠন করিতে হবে। উক্ত কমিটিতে সভাপতিসহ পরিষদের (২) দুই জন সদস্য, নিবন্ধন কর্তৃপক্ষের একজন প্রতিনিধি এবং শিক্ষা প্রতিষ্ঠানের (২) দুই জন প্রতিনিধিসহ সর্বমোট (৫) পাঁচ জন সদস্য থাকবেন। নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক তা অনুমোদিত হতে হবে।

ধারা-১৯: গঠনতন্ত্র সংশোধন বা পরিবর্তন সংক্রান্তঃ

সাধারণ সভায় দুই-তৃতীয়াংশ সদস্যের মতামতের ভিত্তিতে গঠনতন্ত্র সংশোধন করা যাবে, যা নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হতে হবে।

ধারা-২০:সংস্থার বিলুপ্তির করণঃ

তিন-পঞ্চমাংশ (৩/৫) সদস্যের উপস্থিতিতে সিদ্ধান্ত গ্রহণের পর নিবন্ধন কর্তৃপক্ষের নির্দেশে সংস্থার বিলুপ্তি বা সম্পত্তির নিষ্পত্তি ঘটবে।

এম আরিফুল আলম নোমান

সদস্য সচিব

নাঙ্গলকোট বাজার ব্যবসায়ী সংস্থা

মোবাইল ০১৭১১১৬৬০২৯

রেজিঃ নং-

স্থাপিত: ১/৫/২০২৬ ইং

জনাব আনোয়ার হোসেন মুকুল

আহবায়ক

নাঙ্গলকোট বাজার ব্যবসায়ী সংস্থা

মোবাইল ০১৭১৬৩৫৯৫৬৪